

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নম্বরঃ ১৬৬৮ [আন্তর্জাতিক নম্বরঃ ১৬৫৯]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩০২ : মৃত্যের জন্য মাতম করে কাঁদা, গাল চাপড়ানো, বুকের কাপড় ছিঁড়া, চুল ছেঁড়া, মাথা নেড়া করা ও সর্বনাশ ও ধ্বংস ডাকা নিষিদ্ধ

(302) بَابُ تَحْرِيمِ النَّيَاحَةِ عَلَى الْمَيِّتِ، وَلَطْمِ الْخَدِّ وَشَقِّ الْجَيْبِ وَتَنْفِ الشَّعْرِ وَحَلْقِهِ،
وَالدُّعَاءِ بِالْوَيْلِ وَالتُّبُورِ

আরবী

وَعَنْ أَبِي بُرْدَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: وَجَعَ أَبُو مُوسَى رَضِيَ اللَّهُ عَنْهُ، فَغُشِيَ عَلَيْهِ،
وَرَأْسُهُ فِي حِجْرِ امْرَأَةٍ مِنْ أَهْلِهِ، فَأَقْبَلَتْ تَصِيحُ بِرَنَةٍ فَلَمْ يَسْتَطِعْ أَنْ يَرُدَّ عَلَيْهَا شَيْئًا،
فَلَمَّا أَفَاقَ قَالَ: أَنَا بَرِيءٌ مِمَّنْ بَرِيءَ مِنْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ رَسُولَ
اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَرِيءٌ مِنَ الصَّالِقَةِ، وَالْحَالِقَةِ، وَالشَّاقَّةِ . متفق عليه

বাংলা

৩/১৬৬৮। আবু বুরদাহ হতে বর্ণিত, তিনি বলেন, [তঁার পিতা] আবু মুসা আশআরী রাদিয়াল্লাহু আনহু যন্ত্রণায় কাতর হয়ে অজ্ঞান হয়ে পড়েন। আর [ঐ সময়] তঁার মাথা তঁার এক স্ত্রীর কোলে রাখা ছিল এবং সে চিৎকার করে কান্না করতে লাগল। তিনি [অজ্ঞান থাকার কারণে] তাকে বাধা দিতে পারলেন না। সুতরাং যখন তিনি চেতনা ফিরে পেলেন, তখন বলে উঠলেন, 'আমি সেই মহিলা থেকে সম্পর্কমুক্ত, যে মহিলা থেকে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কমুক্ত হয়েছেন। নিঃসন্দেহে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেই মহিলা থেকে সম্পর্কমুক্ত হয়েছেন, যে শোকে উচ্চ স্বরে মাতম করে কান্না করে, মাথা মুগুন করে এবং কাপড় ছিঁড়ে ফেলে।' (বুখারী ও মুসলিম) [1]

English

(302) Chapter: Prohibition of Bewailing the Deceased

Abu Burdah (May Allah be pleased with him) reported:
(My father) Abu Musa got seriously ill and lost his consciousness. His head was in the lap of a woman of the family and she began to wail. When Abu Musa recovered his consciousness, he said: "I am innocent of those from

whom Messenger of Allah (ﷺ) is innocent. Verily, the Messenger of Allah (ﷺ) declared himself free of (the responsibility) for a woman who wails, shaves her head and tears up her clothes."

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith also tells us about the passion of the Companions to follow the saying and practice of the Prophet (PBUH)

ফুটনোট

[1] মুসলিম ১০৪, নাসায়ী ১৮৬১, ১৮৬৩, ১৮৬৫-১৮৬৭, আবু দাউদ ৩১৩০, ইবনু মাজাহ ১৫৮৬, আহমাদ ১৯০৪১, ১৯০৫৩, ১৯১১৯, ১৯১২৯, ১৯১৯১, ১৯২৩০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু বুরদাহ্ ইবনু আবু মূসা আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=30991>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন